

48

22

সরকারের উপর নির্ভর  
করিয়া বিশ্ববিদ্যালয়ের  
স্বায়ত্তশাসন রক্ষা  
করা দূরূহ

ভিসি

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি  
প্রফেসর মনিরুজ্জামান মিল্লা  
বলিয়াছেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়  
বর্তমানে দারুণ অর্থ সংকটে  
(২য় পৃ: ৭-এর ক: প্র:)

ভিসি

(১ম পৃ: পর)

পতিত হইয়াছে। সরকারী অর্থের  
উপর নির্ভর করিয়া বিশ্ববিদ্যা-  
লয়ের স্বায়ত্তশাসন রক্ষা করা  
দূরূহ হইয়া পড়িয়াছে। তিনি  
বিশ্ববিদ্যালয়ের অতীত ঐতিহ্য  
এবং স্বায়ত্তশাসন সমুন্নত রাখার  
প্রয়োজনে দেশের বিত্তবানদের  
আন্তরিক অর্থসহযোগিতা কামনা  
করেন। গতকাল (রবিবার)  
টিএসসিতে ইব্রাহিম ফাউন্ডেশন  
আয়োজিত ২ দিনব্যাপী ইব্রাহিম  
স্মারক বক্তৃতামালার সভাপতির  
ভাষণে ভিসি এই কথা বলেন।  
জাতীয় অধ্যাপক আব্দুর রাজ্জাক  
বক্তৃতামালার আনুষ্ঠানিক উদ্বোধন  
করেন। প্রো-ভিসি ড: ওয়াকিল  
আহমেদ অনুষ্ঠানে বক্তৃতা করেন।  
সমাজবিজ্ঞান বিভাগের প্রফেসর  
মহাম্মদ আফসার উদ্দিন মূল বক্তা  
ছিলেন।

ব্যারিষ্টার সৈয়দ ইশতিয়াক  
আহমেদ, সাবেক প্রো-ভিসি এমাজ  
উদ্দিন আহমেদ, সাবেক উপদেষ্টা  
প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদ  
সহ প্রায় কয়েকশত শিক্ষক ছাত্র  
ও বুদ্ধিজীবী অনুষ্ঠানে উপস্থিত  
ছিলেন।

জাতীয় অধ্যাপক আব্দুর  
রাজ্জাক মরহুম বিচারপতি ইব্রাহিম  
মের কর্মময় জীবনের বিভিন্ন দিক  
উল্লেখ করিয়া বলেন, এই মহান  
ব্যক্তির নামে বক্তৃতামালার আয়োজন  
করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃ-  
পক্ষ একটি ভালো কাজ করিয়াছে।